An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

PUBLISHED ON:
SEPT 2025



আলোছায়ার আঁচলখানি লুটিয়ে পড়ে বনে বনে,
ফুলগুলি ওই মুখে চেয়ে কী কথা কয় মনে মনে ॥
তোমায় মোরা করব বরণ, মুখের ঢাকা করো হরণ,
ওইটুকু ওই মেঘাবরণ দু হাত দিয়ে ফেলো ঠেলে ॥

সেপ্টেম্বর ২০২৫


# অ্যাসোসিয়েশন সংবাদ-২৯০

## ASSOCIATION SAMBAD SEPTEMBER 2025


Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

# জন্মমাসের মনীষীরা




ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর



শরৎচন্দ্র চট্টোপাধ্যায়



বিভূতিভূষণ বন্দোপাধ্যায়



শরৎচন্দ্র বসু



গগনেন্দ্রনাথ ঠাকুর




সরলাদেবী চৌধুরানী



অজিতেশ বন্দোপাধ্যায়



উত্তমকুমার



হৃষীকেশ মুখার্জি



শৈলেন মান্না

## সম্পাদকের ডেস্ক থেকে

ভাদ্র মাস পড়ে দিন পনেরো কেটে যাবার পরেও বৃষ্টি থামার লক্ষণ নেই। বেঙ্গল অ্যাসোসিয়েশন কিন্তু ঝড় জল উপেক্ষা করেই এগিয়ে চলেছে নির্দিষ্ট লক্ষ্যে।

জুলাইয়ের শেষাশেষি দিল্লির আটটি বাঙলা স্কুলের কাছে চিঠি চলে গেছিল এই মর্মে যে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের ম্যানেজমেন্ট, স্কুলের ম্যানেজমেন্ট এবং প্রিন্সিপালের সঙ্গে আলোচনায় বসতে ইচ্ছুক। স্কুলের কী কী প্রয়োজন, কোন কোন জায়গায় সাহায্য দরকার তা সম্পূর্ণভাবে বুঝে বেঙ্গল অ্যাসোসিয়েশন সরকারি এবং বেসরকারি সূত্র থেকে সাহায্যের চেষ্টা করবে। তবে আরও বড় কথা সব কটি স্কুলকে একই মঞ্চে আনা। বাধা বিপত্তি আছে, কিন্তু প্রচেষ্টা সৎ হলে আশা করা যায় সাফল্য আসবে।

এই মর্মে বিদ্যালয় সাবকমিটি থেকে যুগ্ম সম্পাদক শ্রী ভক্তি দাসের নেতৃত্বে ইউনিয়ন অ্যাকাডেমি স্কুলে যাওয়া হয়েছে এবং বেশ কিছু ফলপ্রসূ আলোচনা হয়েছে। সেপ্টেম্বরের গোড়াতেই বিনয় নগর স্কুলে যাওয়া হচ্ছে। এরপর ধীরে ধীরে বাকিগুলোও।

গত ৩০শে আগস্ট, ২০২৫ কাত্যায়নী ট্রাস্টের সহায়তায় বেঙ্গল অ্যাসোসিয়েশন ও ম্যাক্স ইনস্টিটিউট অব মেডিকেল এডুকেশন আয়োজন করল একটি সিপিআর প্রশিক্ষণ কর্মশালা। ‘কার্ডিয়াক অ্যারেস্ট’ হঠাৎ ঘটলে কীভাবে প্রাথমিক শুশ্রূষা করবেন সেই বিষয়ে ম্যাক্স ইনস্টিটিউটের প্রশিক্ষকরা ম্যানেকিনের উপর হাতে কলমে প্রশিক্ষণ দিলেন ৫৮ জনকে। বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্বাস্থ্য বিভাগের নবনিযুক্ত যুগ্ম সম্পাদক ডঃ শমীক ভট্টাচার্য জানান যে সমগ্র দিল্লি জুড়ে এই ধরণের ক্যাম্প করা হবে এবং এই বছর অন্ততঃ আড়াই'শ জনকে শিক্ষিত করা হবে। পরবর্তী কর্মশালাটি আয়োজিত হচ্ছে আগামী ১৪ই সেপ্টেম্বর ২০২৫ বেলা ১১টায়, পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতি ও বেঙ্গল ওয়েলফেয়ার অ্যাণ্ড কালচারাল অ্যাসোসিয়েশন, বসুন্ধরা এনক্লেভের সহায়তায়।

দুর্গাপুজো বাঙালির পরিচয়, দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলের বাঙালিদের অধিকাংশই শুধুমাত্র এই চারটি দিনের জন্য নিজের শিকড়ে ফিরে যান। কিন্তু দিল্লিতে বেশ কিছুদিন যাবত পুজোর বিভিন্ন অনুমতি এবং বিসর্জনের ক্ষেত্রে যথেষ্ট সমস্যা দেখা দিচ্ছে। বেঙ্গল অ্যাসোসিয়েশন তাদের দুই সহসভাপতি শ্রী মৃণাল কান্তি বিশ্বাস এবং শ্রী দেবাশিস ভৌমিকের নেতৃত্বে সরকারি এবং রাজনৈতিক স্তরে বিভিন্ন পুজো কমিটিগুলিকে সাহায্য করতে সমন্বয়ের কাজ শুরু করেছেন। আশা করা যাচ্ছে যে খুব দ্রুতই এর ফলাফল পাওয়া যাবে।

গত ৩রা আগস্ট, ২০২৫এ আয়োজিত বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী

বেঙ্গল অ্যাসোসিয়েশনের সহসভাপতির সংখ্যা তিন থেকে বেড়ে হল চার এবং যুগ্ম সম্পাদকের সংখ্যা পাঁচ থেকে বেড়ে হল আট। আগস্ট, ২০২৫-এর শেষ সপ্তাহে কর্ম সমিতি বেছে নিল শ্রীমতী আরাধনা জানাকে বেঙ্গল অ্যাসোসিয়েশনের চতুর্থ সহ সভাপতি হিসাবে। তিনটি যুগ্ম সম্পাদক পদে বেছে নেওয়া হল শ্রী উজ্জ্বল কুমার দত্ত, শ্রী ভীষ্মব্রত ভট্টাচার্য এবং ডঃ শমীক ভট্টাচার্য-কে। শ্রী কাজল সরকার নির্বাচিত হলেন অতিরিক্ত কোষাধ্যক্ষ হিসাবে। এছাড়াও বাকি কয়েকটি কমিটিও গঠন হল, শ্রীমতী গোপা বসু দিগঙ্গন সাবকমিটির প্রধান এবং শ্রীমতী প্রমীলা মিত্রকে শিক্ষা বিভাগের সাবকমিটির প্রধান হিসাবে বেছে নিয়েছে সেই সাবকমিটিগুলি।

দিগঙ্গন পত্রিকার ৫০ বছর উপলক্ষ্যে প্রকাশিত বিশেষ সংকলনটি গ্রাহকদের হাতে হাতে পৌঁছে যাচ্ছে এবং প্রচ্ছদ, বাঁধাই ও বিষয় নির্বাচনের জন্য প্রশংসিত হচ্ছে। শ্রীমতী পৃথা দাস ও ডঃ সুমন্ত ভৌমিক সহ সম্পাদক মণ্ডলীর অন্যান্য সদস্যদের অর্থাৎ ইন্দ্রাণী মুদি, সুদেষ্ণা মিত্র, সরিতা দাস, ভাস্বতী গোস্বামী, গোপা বসু, রিমা দাস, কৌশিক সেন, অরূপ বন্দ্যোপাধ্যায় ও দেবাশীষ ব্যানার্জি সহ অন্যান্যদের জানাই অকুণ্ঠ অভিনন্দন। প্রচ্ছদ শিল্পী শ্রী মনোজ দেবও একটি ছিমছাম সুন্দর প্রচ্ছদ উপহার দিয়েছেন সেটিও প্রশংসার্হ্য।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের নাট্য বিভাগ আগামী ৬ই ডিসেম্বর, ২০২৫ আয়োজন করবে বাদল সরকার শতবর্ষ উদযাপন অনুষ্ঠান। এই বিষয়ে দিল্লির নাট্যগোষ্ঠীদের কাছে বাদল সরকারের নাটকের অংশবিশেষ অভিনয় ও সেই নিয়ে আলোচনার জন্য আহ্বান জানানো হচ্ছে। বিস্তারিত বিবরণের জন্য নাট্য বিভাগের সভাপতি শ্রী রবিশঙ্কর কর বা বিভাগীয় ভারপ্রাপ্ত শ্রী অরুণাভ সেনগুপ্তের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

আগামী ১৪ই সেপ্টেম্বর, ২০২৫ বেঙ্গল অ্যাসোসিয়েশন শারদীয় বৈঠকী আড্ডার আয়োজন করছে বিকেল চারটে থেকে মুক্তধারা বেসমেন্টে। দিল্লির দুর্গাপুজোর গল্প, আড্ডা, গান এবং স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র নিয়ে জমজমাট আয়োজন। সকলে আমন্ত্রিত।

দুর্গাপুজো এগিয়ে আসছে এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের আয়োজনে দুটি সম্মাননার জন্য এন্ট্রি জমা দেওয়ারও শেষ দিন এগিয়ে আসছে। পূজাকমিটিগুলিকে অনুরোধ দুর্গা-e-দুর্গতিনাশিনী এবং সর্বজনহিতায় প্রতিযোগিতায় নিয়ম মেনে অংশ নিতে। দুর্গাপুজো তো শুধুমাত্র পুজো নয় তা বাঙালিদের কাছে শিল্পের প্রকাশ এবং সামাজিক উৎসবও। এই উৎসবের মরসুমে বেঙ্গল অ্যাসোসিয়েশনের শুভেচ্ছা সকল পুজোকমিটিগুলির জন্যই রইল।

উৎসবের দিনগুলি সকলের ভালো কাটুক। শুভ হোক।

বাংলায় জেগে রই




শুধুমাত্র এই পুজোতে নয়,
সারা বছর সামাজিক ক্ষেত্রে আপনারা কী করছেন
তার ২-৪ মিনিটের ভিডিও
বা ছবি সহ সর্বাধিক ৫ পাতার একটি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন
বা রাইটআপ পাঠান ৫ই অক্টোবর, ২০২৫এর মধ্যে
bengalassociationevents@gmail.com এ।
সাবজেক্ট লাইনে লিখুন 'সর্বজনহিতায় সম্মাননা'
এবং আপনার পুজোর নাম।

বাংলায় জেগে রই




দুর্গা-e-দুর্গতিনাশিনী সম্মাননার জন্য
আপনার পুজোর আমন্ত্রনী ই-কার্ড পাঠান
২৫শে সেপ্টেম্বরের মধ্যে
bengalassociationevents@gmail.com এ।
সাবজেক্ট লাইনে লিখুন দুর্গা-e-দুর্গতিনাশিনী সম্মাননা
এবং আপনার পুজোর নাম।

## সহ-সংগঠনের খবর

দুর্গাপূজার প্রাক্কালে চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির সোসাইটির প্রাঙ্গণে প্রতিবারের মতো এবারও সাংস্কৃতিক প্রতিযোগিতার আসর বসেছে। কচিকাঁচা থেকে প্রাপ্তবয়স্ক, সকলেই অংশ নিতে পারেন নানান প্রতিযোগিতায়। কবিতা-গান-নাচের বিভিন্ন বিভাগ, ফ্যান্সি ড্রেস, ছবি আঁকা, যন্ত্রসঙ্গীত, সুরসঙ্গম, অন্তাক্ষরী, আলপনা, ধুনুচি নৃত্য সব মিলিয়ে বাঙালিয়ানার পরিপূর্ণ আয়োজন রয়েছে। এছাড়া মন্দিরপ্রাঙ্গণে মুখরোচক খাবারদাবার, বাংলার বস্ত্র ও হস্তশিল্পের মেলা বসেছে। ১লা সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৬শে সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত সাংস্কৃতিক প্রতিযোগিতার আসর চলবে।

২রা সেপ্টেম্বর ২০২৫ থেকে ১৫ই সেপ্টেম্বর ২০২৫, পশ্চিমবঙ্গ সরকারের রেসিডেন্ট কমিশনার্স অফিস, আটটি অন্যান্য সরকারি বিভাগের সমন্বয়ে, INA দিল্লি হাটে ‘আগমনী ২০২৫ বাংলা প্রাক্ পূজা প্রদর্শনী’র আয়োজন করেছে। পুজোর আগে এই প্রদর্শনীতে, বাংলা থেকে আনা বস্ত্র ও হস্তশিল্পের বিপুল সম্ভার রয়েছে। এই উপলক্ষ্যে ৭ এবং ১৪ই সেপ্টেম্বর ২০২৫, দিল্লি হাটের উন্মুক্ত মঞ্চে বাংলার সাংস্কৃতিক অনুষ্ঠান মঞ্চস্থ হবে। পুজোর আগে ‘আগমনী ২০২৫’ যেন পুজো-শুরুর ঢাক বাজিয়ে দেয়।

৪ঠা সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৪শে সেপ্টেম্বর ২০২৫, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ ভবনে চল্লিশতম প্রাক্ পূজা বস্ত্রশিল্প প্রদর্শনীর আয়োজন হয়েছে। দিল্লি-NCR-এর প্রবাসী বাঙালিদের কাছে এই প্রদর্শনী, পুজোর আগে উৎসবের এক আনন্দ তোড়জোড়।

## সংস্কৃতির কড়চা

গত ৩রা আগস্ট ২০২৫, দিল্লির মহিলাদের গ্রুপ সহচরীর পক্ষ থেকে চিত্তরঞ্জন পার্কস্থিত চিত্তরঞ্জন ভবনে আন্তর্জাতিক বন্ধুত্ব দিবস উদযাপন করা হল। অনুষ্ঠানের বিষয় ছিল ‘সখ্য, কবির মননে কলমে’। বিভিন্ন লেখকের কলমে সখ্যের ভাবনাটি, নাচ-গান-কবিতার মাধ্যমে উপস্থাপিত হল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নৃত্যশিল্পী বিদুষী শাশ্বতী সেন।

গত ২৩শে আগস্ট ২০২৫ চিত্তরঞ্জন পার্কের চিত্তরঞ্জন ভবনে, সারাদিনব্যাপী সহচরী ‘প্রাক্ পূজা আনন্দোৎসব’ আয়োজিত হল। অভিনব ‘সহচরী অনন্যা’ প্রতিযোগিতা ছিল এই উৎসবের বিশেষ আকর্ষণ। নারীসত্তার অন্তর্নিহিত শক্তি, মেধা ও ব্যক্তিত্বের স্বীকৃতিদানই এই অনুষ্ঠানের উদ্দেশ্য। সঙ্গে ছিল সহচরীদের


সাড়ে ৭৪
সত্যজিৎ রায়ের ছবি
উত্তম কুমার প্রযোজিত
উত্তমকুমার
অরুন্ধতী
তপন সিংহ
আয়োজিত
অষ্টাদশ
বাংলা
সিনে
উৎসব
18th BANGLA CINE UTSAV
6th & 7th SEPTEMBER,2025
MUKTADHARA AUDITORIUM
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET, NEW DELHI
CELEBRATES
উত্তম একাই
100
শতবর্ষে মহানায়ক
6TH & 7TH SEPTEMBER 2025
MUKTADHARA AUDITORIUM
BANGA SANSKRITI BHAVAN
ঝিন্দের বন্দী
তপন সিংহ
শেষ অঙ্ক
উত্তম-সুচিত্রা
সপ্তপদী
ONLY FOR MEMBERS

শিল্পকর্ম, শাড়ি, গয়না ইত্যাদির পশরা নিয়ে মোট আটটি স্টল। এছাড়া মুক্তমঞ্চে আগমনী ও পূজাবিষয়ক গান এবং কবিতা নিয়ে অনুষ্ঠিত হয়েছিল 'আনন্দময়ীর আগমনে' অনুষ্ঠান।

গত ৩১শে আগস্ট ২০২৫, ইম্প্রেসারিও ইণ্ডিয়ার উদ্যোগে ইণ্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের CD দেশমুখ অডিটোরিয়ামে পুরোনো দিনের কালজয়ী বাংলা গানের অনুষ্ঠান 'স্মৃতিপটে লেখা' মঞ্চস্থ হল। পঞ্চাশ থেকে সত্তর দশকের সুরকার-গীতিকারদের গান নিয়ে বাংলা গানের স্বর্ণযুগের স্মৃতি ফিরিয়ে আনলেন প্রবাল ও শ্রাবণী গোস্বামী। তাঁদের সুন্দর পরিবেশনায় অনুষ্ঠানটি অত্যন্ত নান্দনিক হয়ে উঠেছিল।

## খোলা জানলা

'অরুণ আলোর অঞ্জলি'---রবীন্দ্রনাথ লিখেছিলেন। অঞ্জলির একপাশে পুজো অন্যপাশে মিলনের উৎসব। মাথায় প্রকৃতি। তার নাম শরৎ। আনন্দের আরেক নাম শরৎ। তার শিউলিআঁকা পথ। আমাদের সমস্ত হাঁটা চলে যায় সুগন্ধের দিকে। যেখানে প্রতিমা ফুল, যেখানে ধূপ দীপ।

আনন্দময় হোক উৎসবের ঋতু।

***২০২৩-২৪এর বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৫ বছর অর্থাৎ ২০২৯-৩০ পর্যন্ত দিগঙ্গনের সদস্যতা নেওয়া হবে নতুন করে।***

***বিস্তারিত বিবরণের জন্য যোগাযোগ করুনঃ +91 73034 00554***

*"Dedicated to serving the society*
*through collaborative efforts*
*with artists and groups to preserve, strengthen*
*and promote the rich diversity*
*of our cultural heritage"*


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
SHARE A TOY
FOR ENDLESS JOY
Donate Gently Loved Toys (Ages 3–5)
Safe & Clean Toys Preferred
Your kindness can become their happiness
Drop at:
Muktadhara (Basement)
6 September 2025 onwards
Banga Sanskriti Bhawan
18-19, Bhai Vir Singh Marg, Gole Market, New Delhi 110 001
অঙ্কুর
ankur
Ankur School
(An initiative of Bengal Association, Delhi
Block-B, 911/912, Madanpur Khadar, Phase -2, Delhi
email: ankurschool.bengalassociation@gmail.com
+91 880 2222 367




## অপুর ভাবনা

ফোনের নোটিফিকেশনের আওয়াজে ঘুম ভেঙে মোবাইলটা হাতে নিতেই মা'র চীৎকার কানে এলো।

'কি রে অপু পরীক্ষার তো আর তিনদিন বাকি, এখনো মোবাইল দেখছিস?'

মায়ের কথা শুনে অপু ভাবলো, এবার পড়াশোনা শুরু করতেই হবে। এমনিতে অপু প্রতি পরীক্ষাতেই ফার্স্ট হয়। কিন্তু এবার ফোনের জন্য অনেকটা সময় সে নষ্ট করে ফেলেছে।

পরীক্ষার আগেরদিন বই হাতে অপুর হুঁশ ফিরলো। তখন তার মনে হলো ক্লাস টেনের পড়া, পরীক্ষার আগেরদিন বসে কেমন করে শেষ হবে? বইয়ে বেশিক্ষণ মন দিতে না পেরে সে একসময় ঘুমিয়ে পড়লো। পরদিন সকালে কোয়েশ্চেন পেপার পড়ে অপু এবার সত্যি ভয় পেলো। আগে যে ছেলের সব প্রশ্নের উত্তর জানা থাকতো, সে এবার কিছুই মনে করতে পারছে না। তখন তার মায়ের বলা কথাগুলো মনে পড়লো। সে বুঝতে পারলো, সোশ্যাল মিডিয়া আর রীলের পিছনে সময় নষ্ট করে সে এবারের পরীক্ষাটা খারাপ করে ফেললো।

আজকের দিনে, সোশ্যাল মিডিয়া কি এভাবেই আমাদের মতো ছোট ছোট ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যতের পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে?

*আদৃতা মুখার্জি*

নবম শ্রেণী, অ্যালকন ইন্টারন্যাশনাল স্কুল

প্রতি মাসের অ্যাসোসিয়েশন সংবাদের সঙ্গে থাকছে ছোটদের পাতা

অংশ নেবে স্কুলের বাচ্চারা

১) যে কোনো বিষয়ের উপর ছবি আঁকো আর ছবি তুলে পাঠিয়ে দাও।


২) যে কোনও বিষয়ে বাংলা বা ইংরেজি অক্ষরে (রোমান স্ক্রিপ্টে) বাংলা ভাষায় ৩০০ শব্দের মধ্যে গল্প লেখো আর পাঠিয়ে দাও।

ইমেলে পাঠাও ঃ bengalassociation1819@gmail.com-এ

সাবজেক্টে লেখো ঃ ছোটদের পাতা (মাসের নাম)। [যে মাসে পাঠাবে তার পরের মাসের নাম লিখবে]

লেখা বা আঁকা পাঠাবে মাসের ৩০ তারিখের মধ্যে। সঙ্গে লেখো নিজের নাম, ক্লাস এবং স্কুলের নাম

নির্বাচিত সর্বাধিক দুটি লেখা এবং চারটি ছবি প্রকাশিত হবে পরের মাসের অ্যাসোসিয়েশন সংবাদে




*আহেলি মুখার্জি*

*ষষ্ঠ শ্রেণী, এ. এস. এন. সিনিয়র সেকেণ্ডারি স্কুল, ময়ূর বিহার ফেজ ওয়ান*



*বংশিকা নায়ক*

*তৃতীয় শ্রেণী, ভি. এস. এস. কে. ভি. নেহেরু প্লেস*

*অ্যাসোসিয়েশন সংবাদে আপনার সংস্থার খবর প্রকাশ করতে চান? বেঙ্গল অ্যাসোসিয়েশনের ইমেলে পাঠিয়ে দিন তিন-চার বাক্য লিখে*
*bengalassociation1819@gmail.com-এ*
*প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে।*

বেঙ্গল অ্যাসোসিয়েশনের

সদস্যতা নেবার পর আপনার

ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

Editor and Publisher Shri Sauranshu Sinha
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487